

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
পুঠিয়া, রাজশাহী।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং-৪৬.০২.৮১৮২.০০০.৯৯.০০২.২৫-২৭৭

তারিখঃ ২৯/০৪/২০২৬ ইং

**নিলাম বিজ্ঞপ্তি নং-০২/২০২৫-২৬**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন নিম্নাবর্ণিত ছকে উল্লেখিত (০১)একটি কাঠামোর পুরাতন মালামাল আগামী ০৫/০৫/২০২৬ ইং তারিখ রোজ- রবিবার সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। অত্রই ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত তারিখ ও সময়ে যথাস্থানে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	বিবরণ	প্রাক্কলিত মূল্য	জামানত
০১	চকুদাশ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চিলেকোঠার পুরাতন মালামাল।	১২৭০০.০০	৩,৫০০.০০


**শর্তাবলী :**

- ০১। অত্রই ব্যক্তি/প্রতিষ্ঠান নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে জামানত হিসাবে যে কোন তপসীল ব্যাংক হতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পুঠিয়া, রাজশাহী বরাবর উপরোক্ত ছক মোতাবেক জামানত বিডি/পে-অর্ডার আকারে জমা প্রদান করে নাম তালিকাভুক্ত করতে হবে।
- ০২। বিডি/পে-অর্ডার জমা প্রদান না করলে নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। জামানত জমাকারী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানই কেবল নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন।
- ০৩। সর্বোচ্চ দর ডাক দাতাকে ডাককৃত দরের বিপরীতে নিলামের সমুদয় অর্থ এবং উদ্ধৃত মূল্যের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর নিস্কাঙ্করকারীর বরাবর পৃথক পৃথক বিডি/পে-অর্ডার আকারে ০৩ (তিন) দিনের মধ্যে জমা প্রদান এবং চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৪। চুক্তি সম্পাদনের পর কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ভবনের পুরাতন মালামাল (যেখানে যে অবস্থায় আছে) অপসারণ করতে হবে। অন্যথায় ভবনের কাজ শুরু হলে উক্ত মালামাল সরকারী সম্পদ হিসাবে গণ্য হবে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। ভবনের মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থা হতে সংগ্রহ করতে হবে।
- ০৬। নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে সরেজমিনে মালামালের বর্তমান অবস্থা ভালোভাবে যাচাই করতে হবে। ডাক গৃহীত হলে পরবর্তীতে ভবনের মালামাল সংক্রান্ত কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।
- ০৭। নির্ধারিত সীমানার বাইরে অবস্থিত কোন সম্পদ ক্ষতিগ্রস্ত করা যাবে না, এর অন্যথা হলে সংশ্লিষ্ট ডাককারীকে তার দায় দায়িত্ব বহন করতে হবে।
- ০৮। ০৫/০৫/২৬ইং তারিখের নিলাম ডাকে সন্তোষজনক দর না পাওয়া গেলে ১২/০৫/২৬ ইং তারিখে এবং উক্ত তারিখেও সন্তোষজনক দর না পাওয়া গেলে ১৮/০৫/২৬ ইং তারিখে একই সময় ও একই স্থানে পুনঃ নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ০৯। নিলাম কর্তৃপক্ষ যে কোন কারণ ব্যতিরেকেই নিলাম ডাক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
উপজেলা প্রকৌশলী

এলজিইডি, পুঠিয়া, রাজশাহী।

ও  
সদস্য সচিব, নিলাম কমিটি

  
২৯/৪/২৬

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ-**

- ০১। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ০৬। অফিসার ইনচার্জ, পুঠিয়া, রাজশাহী। তাঁকে নিলাম ডাকের সময় আইন শৃংখলা রক্ষার বিষয়ে সার্বিক সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। চেয়ারম্যান, পুঠিয়া/বেলপুকুরিয়া/বানেশ্বর/ভালুকগাছী/শিলমাড়িয়া/জিউপাড়া ইউপি, পুঠিয়া, রাজশাহী। নোটিশ বোর্ডের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ০৮। উপজেলা ..... অফিসার, পুঠিয়া, রাজশাহী।
- ০৯। জনাব ..... রাজশাহী।
- ১০। অফিস নথি/নোটিশ বোর্ড।